গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১ |
| উপক্রমণিকা | ২ |
| **সেকশন ১:** রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৩ |
| **সেকশন ২:** বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৪ |
| **সেকশন ৩:** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৫ |
| **সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) | ৯ |
| **সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| **সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/সংস্থার উপর নির্ভরশীলতা | ১১ |

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh Agricultural Research Institute, Joydebpur, Gazipur)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

দেশের সার্বিক কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জন, কৃষকের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিএআরআই দানা জাতীয় শস্য (ধান ব্যতীত), কন্দাল, ডাল ও তৈল ফসল, সবজি, ফল ও ফুল, মসলাসহ প্রায় ২০৬টি ফসলের উপর গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে থাকে।

বিগত তিন অর্থবছরে গম, ভুট্টা, কন্দাল, সবজি, ফল, ফুল, ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় ফসলের ৬৬টি জাত উদ্ভাবন ও ছাড় করা হয়েছে এবং **১১৫টি** অগ্রবর্তী লাইন জাত হিসেবে অবমুক্তির প্রক্রিয়ায় আছে। উক্ত ফসলসমূহের ৪,৪৮৯টি জার্মপ্লাজম সংগ্রহ করা হয়েছে। এছাড়া মাটি, সার ও পানি ব্যবস্থাপনা, রোগ বালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা, শস্য নিবিড়করণের জন্য নতুন শস্য বিন্যাস, ফসলের সংগ্রহোত্তর, প্রক্রিয়াজাতকরণ, পরিবহন এর উপর ৬৩টি প্রযুক্তি এবং ৯টি কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন করা হয়েছে। বিগত তিন বছরে বিজ্ঞানী, সম্প্রসারণ ও এনজিও কর্মী এবং কৃষকসহ মোট ৬৫,৭৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১২৫টি সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপের মাধ্যমে ৭,২০০ জনকে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে অবহিত করা হয়ে। উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে ৪৭টি প্রকাশনা এবং ৫,৯০৯টি প্রদর্শনী ব্লক স্থাপন করা হয়েছে। এছাড়াও **১০টি** টিভি প্রোগ্রাম প্রচারিত হয়েছে। ২৭টি প্রতিষ্ঠানের সাথে দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বাংলাদেশে কৃষি জমির পরিমান, জমির উর্বরতা, ভূগর্ভস্থ পানিসহ প্রাকৃতিক সম্পদ ক্রমশঃ হ্রাস পাচ্ছে। এমতাবস্থায় ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জন গবেষণা ক্ষেত্রে এক বিরাট চ্যালেঞ্জ। তাছাড়া পরিবর্তিত জলবায়ুর প্রভাবে বন্যা, খরা, লবনাক্ততা, জলাবদ্ধতা, পোকামাকড় ও রোগবালাই বৃদ্ধির কারণে ভবিষ্যতে দেশের সার্বিক ফসল উৎপাদন হ্রাস পাওয়ার আশঙ্কা আছে। তাই বিএআরআই এর গবেষণা কার্যক্রমকে জোরদার করার মাধ্যমে উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবন; মাটি ও পানির সর্বোত্তম ব্যবহার পূর্বক ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি তথা কৃষকের আর্থসামাজিক অবস্থার উন্নতি করা; খাদ্য শস্য, সবজি, ফল, ডাল, তৈলবীজ ও মসলা সহ অন্যান্য ফসলের স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব (বন্যা, খরা, লবণাক্ততা, নতুন নতুন পোকামাকড় এবং রোগবালাই এর প্রাদুর্ভাব ইত্যাদি) মোকাবেলা করা অপরিহার্য।

### ভবিষ্যৎ পরিকল্পনা

খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের লক্ষ্যে পরিবর্তিত জলবায়ুর প্রভাব মোকাবেলা করে উচ্চ ফলনশীল, প্রতিকূলতা সহিষ্ণু, স্বল্প মেয়াদি ও স্বল্প উপকরণ নির্ভর ফসলের (গম, ভুট্টা, কন্দাল, সবজি, ফল, ফুল, ডাল, তৈলবীজ ও মসলা) জাত এবং প্রযুক্তি (কৃষি যন্ত্রপাতি ও শস্য সংগ্রহোত্তরসহ) উদ্ভাবন ও উন্নয়ন করে ফসলের উৎপাদনশীলতা বাড়ানোর কার্যক্রম ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে।

### ২০১৬-২০১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- বিভিন্ন ফসলের ২৮ টি উচ্চ ফলনশীল জাত এবং ২০টি প্রযুক্তি উদ্ভাবন।
- প্রশিক্ষণ ও প্রদর্শনীর মাধ্যমে প্রায় ৬০০ জন সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীসহ প্রায় ১৫০০০ জন বিজ্ঞানী, এনজিও কর্মী এবং কৃষককে প্রশিক্ষণ দান।
- ৬০টি ওয়ার্কশপ/সেমিনারের মাধ্যমে ৩৬০০ জনকে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে অবহিত করা।
- ৮টি দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর করা।
- প্রায় ৯৮০ মেট্রিক টন ব্রিডার ও মানঘোষিত বীজ এবং ১০ লক্ষ চারা/কলম/কাটিং উৎপাদন।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

# সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

ম্যান্ডেটভূক্ত ফসলসমূহের উচ্চ ফলনশীল জাত এবং উন্নত চাষাবাদ পদ্ধতি উদ্ভাবন, পোকামাকড় ও রোগবালাই দমন ব্যবস্থাপনাসহ কৃষি যন্ত্রপাতি, শস্য সংগ্রহোত্তর ব্যবস্থাপনা বিষয়ে লাগসই প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা করা এবং উদ্ভাবিত জাত ও প্রযুক্তিসমূহ হস্তান্তর করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ বিএআরআই এর কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions) :

১. ফসলের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও উন্নয়ন, সংকরায়ন, মূল্যায়ন এবং জাত অবমুক্তিকরণ
২. উন্নত ও আধুনিক উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করা
৩. সমন্বিত খামার পদ্ধতি ব্যবস্থাপনা উন্নয়ন করা
৪. কৃষি যন্ত্রপাতি ও শস্য সংগ্রহোত্তর প্রযুক্তি উদ্ভাবন সংক্রান্ত পরীক্ষণ
৫. উদ্ভাবিত জাত, উৎপাদন প্রযুক্তি ইত্যাদির আর্থ-সামাজিক বিশ্লেষণ
৬. উদ্ভাবিত জাত সমূহের প্রজনন বীজ/চারা/কলম উৎপাদন
৭. প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রশিক্ষণ, উপযোগিতা পরীক্ষণ, কর্মশালা, মাঠ দিবস ইত্যাদির আয়োজনসহ বৈজ্ঞানিক প্রকাশনা প্রকাশ
৮. মানব সম্পদ উন্নয়ন, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা
৯. কৃষি বিষয়ক ই-তথ্য সেবা প্রদান
১০. আর্ন্তজাতিক ও দেশীয় প্রতিষ্ঠানের সাথে গবেষণা সংযোগ স্থাপন
১১. লবণাক্ততা, জলাবদ্ধতা ও খরা প্রবণ এলাকা সহ পাহাড়ী এলাকার উপযোগী ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবন

## সেকশন ২

# বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| নতুন জাত ও'প্রযুক্তির পর্যাপ্ততা | জাত | সংখ্যা | ২৮ | ২১ | ২৮* | ২৭ | ২৮ | বিএআরসি, এসসিএ, বিএডিসি, ডিএই | প্রতিষ্ঠানের গবেষণা প্রতিবেদন |
| | প্রযুক্তি | সংখ্যা | ২২ | ১৯ | ২০** | ২২ | ২১ | | |
| বীজ, চারা/কলম/কাটিং এর পর্যাপ্ততা | ব্রিডার বীজ | মে. টন | ৯০০ | ৮৫০ | ৮৩০ | ৮৫০ | ৮৫০ | বিএআরসি, বিএডিসি, ডিএই | প্রতিষ্ঠানের গবেষণা প্রতিবেদন |
| | মানঘোষিত বীজ | মে. টন | ২০০ | ১৪০ | ১৫০ | ১৫০ | ১৫০ | | |
| | চারা/কলম/কাটিং | সংখ্যা (লক্ষ) | ১০.৮১ | ১১.৬১ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | | |

* গম -২, ভুট্টা-৩, কন্দাল-৪, ডাল-২, তৈলবীজ-২, মসলা-২, উদ্যানতাত্ত্বিক ফসল- ১৩

** ২টি কৃষি যন্ত্রপাতি ও ২টি শস্য সংগ্রহোত্তর প্রযুক্তিসহ

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ Target/Criteria Value for FY 2016-17 | | | | | প্রক্ষেপণ (Projection) | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বিএআরআই এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। ফসলের উৎপাদন ও উৎপাদনশীলত বৃদ্ধি | ৫৫ | ১.১ বিভিন্ন ফসলের উচ্চফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | ১.১.১ উদ্ভাবিত জাত | সংখ্যা | ১৮ | ২৮ | ২১ | ২৭ | ২৫ | ২৩ | ২১ | ২০ | ২৭ | ২৮ |
| | | | ১.১.২ উদ্ভাবিত প্রযুক্তি | সংখ্যা | ১১ | ২২ | ১৯ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৫ | ২২ | ২১ |
| | | ১.২ কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | ১.২.১ প্রশিক্ষিত ব্যক্তি/কৃষক | সংখ্যা (লক্ষ) | ৭ | ০.১৯৫৭ | ০.১১২৬ | ০.১৫ | ০.১৪৫ | ০.১৪ | ০.১৩৫ | ০.১৩ | ০.১৬ | ০.১৬ |
| | | | ১.২.২ প্রশিক্ষিত সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.০১২৩ | ০.০০৩৫৮ | ০.০০৬ | ০.০০৫৭ | ০.০০৫৪ | ০.০০৫১ | ০.০০৫ | ০.০০৭ | ০.০০৬ |
| | | | ১.২.৩ স্থাপিত প্রদর্শনী | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.০২৯ | ০.০২৯৩ | ০.০৩ | ০.০২৮ | ০.০২৭ | ০.০২৬ | ০.০২৫ | ০.০৩২ | ০.০৩১ |
| | | | ১.২.৪ আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ | সংখ্যা | ৩ | ৬২ | ৪১ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৫ | ৫৩ | ৬০ | ৬০ |
| | | ১.৩ কৃষক/বিজ্ঞানী/ সম্প্রসারণ কর্মীসহ অন্যান্য সংস্থার নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | ১.৩.১ হস্তান্তরিত জাত | সংখ্যা | ২ | ৩০ | ২৮ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩০ | ৩২ |
| | | | ১.৩.২ হস্তান্তরিত প্রযুক্তি | সংখ্যা | ২ | ২৫ | ২৪ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ২৫ | ২৪ | ২৫ |
| | | | ১.৩.৩ রিপোর্ট, বুলেটিন, লিফলেট, বুকলেট,নিউজলেটার ইত্যাদি প্রকাশনা | সংখ্যা | ২ | ১৮ | ১৪ | ১৮ | ১৬ | ১৫ | ১৩ | ১২ | ১৯ | ১৮ |
| | | | ১.৩.৪ উদ্যোক্তাদের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর | সংখ্যা | ২ | ১১ | ৫ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ৮ |
| ২। কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ২৫ | ২.১ ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | ২.১.১ উৎপাদিত ব্রিডার ও মানঘোষিত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ৮ | ০.০১১ | ০.০০৯৯ | ০.০০৯৮ | ০.০০৮৮ | ০.০০৭৮ | ০.০০৬৮ | ০.০০৫৮ | ০.০১ | ০.০১ |
| | | | ২.১.২ উৎপাদিত চারা/কলম/কাটিং | সংখ্যা (লক্ষ) | ৭ | ১০.৮১ | ১১.৬১ | ১০.০০ | ৯.০০ | ৮.০০ | ৭.০০ | ৬.০০ | ১০ | ১০ |
| | | | ২.১.৩ বিতরণকৃত ব্রিডার ও মানঘোষিত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ৫ | ০.০১১ | ০.০০১০৪ | ০.০০৯৮ | ০.০০৮৮ | ০.০০৭৮ | ০.০০৬৮ | ০.০০৫৮ | ০.০০৯৫ | ০.০০৯৫ |
| | | | ২.১.৪ বিতরণকৃত চারা/কলম/কাটিং | সংখ্যা (লক্ষ) | ৫ | ১০.৮১ | ১১.০৯৯ | ১০.০০ | ৯.০০ | ৮.০০ | ৭.০০ | ৬.০০ | ৯.৫০ | ৯.৫০ |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৫-১৬ (Target Value- 2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়া উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ | ২৮ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৫-১৬ (Target Value- 2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | চালুকৃত | | | | জানুয়ারি | ফেব্রুয়ারি | | |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদেও মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অনূন্য ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, কৃষি মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
বাংলদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

১৪/০৮/২০১৬
তারিখ

সচিব
কৃষি মন্ত্রণালয়

১৪.০৮.২০১৬
তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| বিএআরআই | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট<br>(Bangladesh Agricultural Research Institute) |
| ডিএই | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>(Department of Agricultural Extension) |
| বিএডিসি | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন<br>(Bangladesh Agricultural Developmet Corporation) |
| বিএআরসি | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল<br>(Bangladesh Agricultural Research Council) |
| এসসিএ | বীজ প্রত্যয়ন এজেন্সী<br>(Seed Certification Agency) |
| এনজিও | বেসরকারি সংস্থা<br>(Non-Government Organization) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বিভিন্ন ফসলের উচ্চফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | উদ্ভাবিত জাত | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের উচ্চফলনশীল জাত। | বিএআরআই এর বিভিন্ন বিভাগ/কেন্দ্র এবং চলমান প্রকল্পসমূহ। | জাতীয় বীজ বোর্ড এর সভা | |
| | | উদ্ভাবিত প্রযুক্তি | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের উৎপাদন বৃদ্ধি এবং খরচ ও সময় কমানোর জন্য বিভিন্ন প্রযুক্তি। | বিএআরআই এর বিভিন্ন বিভাগ/কেন্দ্র এবং চলমান প্রকল্পসমূহ। | উদ্ভাবিত জাত ও প্রযুক্তির সংখ্যা, বিএআরআই এর বার্ষিক গবেষণা প্রতিবেদন, জার্নালে প্রকাশিত বৈজ্ঞানিক নিবন্ধন | |
| ২. | কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | প্রশিক্ষিত ব্যক্তি/কৃষক | ফসলের উদ্ভাবিত উচ্চফলনশীল জাত, উন্নত চাষাবাদ প্রযুক্তি, সেচ ও পানি ব্যবস্থাপনা, যান্ত্রিকীকরণ ইত্যাদি বিষয়ে কৃষক/ব্যক্তি প্রশিক্ষণ। | বিএআরআই এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং চলমান প্রকল্পসমূহ। | প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক/ব্যক্তির সংখ্যা, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি। | |
| | | প্রশিক্ষিত সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী | ফসলের উদ্ভাবিত উচ্চফলনশীল জাত, উন্নত চাষাবাদ প্রযুক্তি, সেচ ও পানি ব্যবস্থাপনা, যান্ত্রিকীকরণ ইত্যাদি বিষয়ে সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী প্রশিক্ষণ। | বিএআরআই এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং চলমান প্রকল্পসমূহ। | প্রশিক্ষণ প্রাপ্ত সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীর সংখ্যা, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি। | |
| | | স্থাপিত প্রদর্শনী | ফসলের উদ্ভাবিত উচ্চফলনশীল জাত, উন্নত চাষাবাদ প্রযুক্তি, সেচ ও পানি ব্যবস্থাপনা বিষয়ে প্রদর্শনী | বিএআরআই এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং চলমান প্রকল্পসমূহ। | বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি। | |
| | | আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ | গবেষণায় উদ্ভাবিত বিভিন্ন জাত ও প্রযুক্তি বিষয়ে গবেষক, সম্প্রসারণ কর্মকর্তা, নীতি নির্ধারকদের নিকট তথ্য বিনিময়ের জন্য সেমিনার/ওয়ার্কশপ আয়োজন। | বিএআরআই এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং চলমান প্রকল্পসমূহ। | সেমিনার/ওয়ার্কশপ এর সংখ্যা, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি। | |
| ৩. | কৃষক/বিজ্ঞানী/ সম্প্রসারণ কর্মীসহ অন্যান্য সংস্থার নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | রিপোর্ট, বুলেটিন, লিফলেট, বুকলেট, নিউজলেটার ইত্যাদি প্রকাশনা | বিএআরআই এর বার্ষিক গবেষণা প্রতিবেদন, টেকনিক্যাল প্রোগ্রাম, বিভিন্ন প্রযুক্তি লিফলেট, ত্রৈ-মাসিক নিউজলেটার প্রকাশ। | বিএআরআই এর গবেষণা উইং ও সম্পাদনা শাখা। | প্রকাশনা সংখ্যা, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি। | |
| | | উদ্যোক্তাদের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর | বিএআরআই এর উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি হস্তান্তরের জন্য বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর। | বিএআরআই এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এবং চলমান প্রকল্পসমূহ। | স্বাক্ষরিত সমঝোতা স্মারকের সংখ্যা | |
| ৪. | ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | উৎপাদিত ব্রিডার বীজ | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের ব্রিডার বীজ উৎপাদন। | বিএআরআই এর বিভিন্ন কেন্দ্র/ উপকেন্দ্র/ আঞ্চলিক কেন্দ্র। | উৎপাদিত ব্রিডার বীজের পরিমাণ, বার্ষিক প্রতিবেদন। | |
| | | বিতরণকৃত ব্রিডার বীজ | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের উৎপাদিত ব্রিডার বীজ বিএডিসি কে প্রদান। | বিএআরআই এর বিভিন্ন কেন্দ্র/ উপকেন্দ্র/ আঞ্চলিক কেন্দ্র। | বিতরণকৃত ব্রিডার বীজের পরিমাণ, বার্ষিক প্রতিবেদন। | |
| | | উৎপাদিত চারা/কলম/কাটিং | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের চারা/কলম/কাটিং উৎপাদন। | বিএআরআই এর বিভিন্ন কেন্দ্র/ উপকেন্দ্র/ আঞ্চলিক কেন্দ্র। | উৎপাদিত চারা/কলম/কাটিং এর পরিমাণ, বার্ষিক প্রতিবেদন। | |
| | | বিতরণকৃত চারা/কলম/কাটিং | বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের উৎপাদিত চারা/কলম/কাটিং বিএডিসি ও ডিএইকে প্রদান। | বিএআরআই এর বিভিন্ন কেন্দ্র/ উপকেন্দ্র/ আঞ্চলিক কেন্দ্র। | বিতরণকৃত চারা/কলম/কাটিং এর পরিমাণ, বার্ষিক প্রতিবেদন। | |

## সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | উচ্চফলনশীল জাত ছাড়করণ | উদ্ভাবিত জাত ছাড়করণ | জাত অনুমোদন প্রক্রিয়াকরণ | বিশেষ বৈশিষ্ট্যে ও নতুন জাত | উৎপাদশীলতা ক্ষতিগ্রস্ত হবে |
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি প্রযুক্তি সম্প্রসারণ | প্রশিক্ষিত ব্যক্তি/কৃষক | কৃষি প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য এলাকা ভিত্তিক চাষী নির্বাচনে সহায়তা প্রদান। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যেহেতু কৃষকদের সাথে সরাসরি কাজ করে বিধায় প্রশিক্ষণের জন্য চাষী নির্বাচনে সহায়তা প্রদান করতে পারে | যথাযথভাবে কৃষক নির্বাচন সম্ভব না হলে প্রযুক্তি হস্তান্তরের বাধাগ্রস্থ হতে পারে |
| | | প্রশিক্ষিত সম্প্রসারণ কর্মকর্তা/কর্মী | ফসলের উদ্ভাবিত উচ্চফলনশীল জাত ও উন্নত প্রযুক্তি সমূহ সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীদের প্রশিক্ষণ প্রদানের জন্য সম্প্রসারণ কর্মী/ কর্মকর্তা মনোনয়ন প্রদানপূর্বক প্রশিক্ষণে প্রেরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তারা যেহেতু কৃষকদের নিকট উদ্ভাবিত কৃষি প্রযুক্তি এবং উন্নতজাত সম্প্রসারণে সরাসরি কাজ করে থাকে, সেহেতু সম্প্রসারণ কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা মনোনয়ন প্রদান করতে পারে | প্রযুক্তি হস্তান্তরের বাধাগ্রস্থ হতে পারে |
| বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | বীজ উৎপাদন ও বিতরণ প্রতিষ্ঠান | বিতরণকৃত ব্রিডার বীজ | বিএআরআই কর্তৃক প্রদানকৃত ব্রিডার বীজ উৎপাদন হতে ভিত্তি বীজ এবং প্রত্যায়িত বীজ উৎপাদন করে কৃষক পর্যায়ে বিতরণ | সরকারী বীজ উৎপাদন ও বিতরণ প্রতিষ্ঠান হিসাবে বিএআরআই হতে প্রয়োজনীয় পরিমাণ ব্রিডার বীজ সংগ্রহ করে উক্ত ব্রিডার বীজ হতে ভিত্তি বীজ এবং প্রত্যায়িত বীজ উৎপাদন করে কৃষক পর্যায়ে বিতরণ | কৃষক পর্যায়ে বীজের ঘাটতি হতে পারে |
| বীজ প্রত্যয়ন এজেন্সি | উচ্চফলনশীল জাত ছাড়করণ | উদ্ভাবিত জাত ছাড়করণ | জাত অনুমোদন প্রক্রিয়াকরণ | বিশেষ বৈশিষ্ট্যে ও নতুন জাত | উৎপাদশীলতা ক্ষতিগ্রস্ত হবে |
| | ব্রিডার বীজ প্রত্যয়ন | উৎপাদিত ব্রিডার বীজ | বীজ প্রত্যয়ন | কৃষি তথা কৃষকের উন্নয়নে অপরিহার্য | উৎপাদশীলতা ক্ষতিগ্রস্ত হবে |